

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৩

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ একজন ব্যক্তি নম্রতার সাথে আমল করবে এবং আমলের ক্ষেত্রে নিজের শরীরের অংশকে পরিহার করবে না

ذِكْرُ الْأُمْرِ لِلْمَرْءِ بِإِتْيَانِ الطَّاعَاتِ عَلَى الرِّفْقِ مِنْ غَيْرِ تَرْكِ حَظِّ النَّفْسِ فِيهَا

আরবী

أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبِ قَالَ: أَخْبَرَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابِ قَالَ: أَخْبَرَنِي سَعِيدُ بْنُ الْمُسَيِّبِ وَأَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ عَبْدِ اللَّهِ بْنَ عَمْرِو بْنِ الْعَاصِ قَالَ: (أُخبر رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ _ يَعْنِي نَفْسَهُ _ لأَقُومَنَ اللَّيْلُ وَلاَّصُومَنَ النَّهَارَ مَا عِشْتُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَنْتَ الَّذِي تَقُولُ ذَلِكَ)؟ فَقُلْتُ لَهُ: قَدْ قُلْتُهُ يَا رَسُولَ اللَّهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (قَانِكَ لاَ تَسْتَطِيعُ ذَلِكَ صَمُ وَأَفْطِرْ وَنَمْ وَقُمْ وصمُ مِنَ الشَّهْرِ ثَلَاثَةً أَيَّامٍ الله عليه وَسَلَّمَ: (قَانِكَ لاَ تَسْتَطِيعُ ذَلِكَ صَمُ وَأَقْطِرْ وَنَمْ وَقُمْ وصمُ مِنَ الشَّهْرِ ثَلَاثَةً أَيَّامٍ الله عليه وَسَلَّمَ: (قَانِكَ لاَ تَسْتَطِيعُ ذَلِكَ صَمْ وَأَقْطِرْ وَنَمْ وَقُمْ وصمُ مِنَ الشَّهْرِ ثَلَاثَةً أَيَّامٍ الله عليه وَسَلَّمَ: (إِنِّي أُطيقُ أَقْضَلَ مِنْ ذَلِكَ قَالَ: (صَمُ مَنْ الشَّهْرِ ثَلَاثَةً أَيَّامٍ وَذَلِكَ مَيْنَ الْعَنْ أَوْلُولُ مَوْلُ اللّهِ صَلَى اللّهُ عَلَيْهُ وَسَلَّمَ مِنْ ذَلِكَ قَالَ: (صَمُ مَنْ وَلَكَ عَلِكَ عَلَى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلُكَ عَلَيْهِ وَسَلَّمَ اللّهِ عَلَيْهِ وَسَلَّمَ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَكَ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ أَحْبَ إِلَيَّ إِلَيَّ الْكَافِ وَلُولُ اللّهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ أَحَبَّ إِلَيَّ عَلَيْهِ وَسَلَّمَ وَلَكَ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ أَحَبَ إِلَيَّ إِلَيْ الْمَلْكَ وَسَلَّمَ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ أَحَبٌ إِلَيْ إِلَيْ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ أَحَبٌ إِلَيْ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ أَحَبُ إِلَيْ الْمَلْكَ وَاللّهُ عَلَيْهِ وَسَلَمَ مَنْ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ أَحَبُ إِلَيْ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ أَحَبُ إِلَيْ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ أَحْدَالَ الْمَعْلَى اللّهُ عَلَيْهِ وَسَلَمَ عَلَيْ اللّهُ عَلَيْهِ وَسُلَمَ عَلَيْ اللّهُ عَلَيْهُ وَلَا اللّهُ عَلَيْهُ وَاللّهُ عَ

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 353 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা



৩৫৩. আব্দুল্লাহ বিন আমর বিন আস রাদ্বিয়াল্লাছ্ আনছ্ থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লামকে জানানো হয় যে, আমি বলেছি যে: "আমি যতদিন বেঁচে থাকবো রাতভর কিয়াম করবো, সারাদিন সিয়াম রাখবো।" সুতরাং রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তুমিই কি এমনটা বলেছো?" আমি বললাম: "জ্বী, হাাঁ, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম, আমি এমনটা বলেছি।" রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তুমি এমনটা করবে না। তুমি সিয়াম রাখবে আবার মাঝেমাঝে ছাড়বে, রাতে ঘুমাবে আবার কিয়ামও করবে আর প্রত্যেক মাসে তিনটি করে সিয়াম রাখবে। নিশ্চয়ই ভালো কাজের সাওয়াব দশ গুণ বৃদ্ধি করা হয়। এভাবে এটিই সারা বছর সিয়াম রাখার সমতুল্য হবে।" রাবী বলেন, আমি বললাম: "আমি এরচেয়েও উত্তম করার ক্ষমতা রাখি।" তিনি বলেন: "তুমি একদিন সিয়াম রাখো আর দুই দিন সিয়াম ছাড়ো।" আমি বললাম: "আমি এরচেয়েও উত্তম করার ক্ষমতা রাখি।" তিনি বলেন: "তুমি একদিন সিয়াম রাখার সবচেয়ে উপযুক্ত পদ্ধতি।" আমি বললাম: "আমি এরচেয়েও উত্তম করার ক্ষমতা রাখি।" তিনি বলেন: "এরচেয়ে উত্তম কিছু আর নেই।" আব্দুল্লাহ বিন আমর বিন আস রাদ্বিয়াল্লাছ্ আনছ (পরবর্তীতে) বলেন: "যদি আমি রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম এর কথা মোতাবেক প্রতি মাসে তিনটি করে সিয়াম রাখার নিয়মটি গ্রহণ করতাম তবে সেটা আমার জন্য আমার পরিবার-পরিজন ও সমুদয় সম্পদ অপেক্ষা প্রিয়তর হতো!"[1]

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا أَفْضَلَ مِنْ ذَلِكَ) يُرِيدُ بِهِ (لَكَ) لِأَنَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ .وَسَلَّمَ عَلِمَ ضَعْفَ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو عَمَّا وطَّن نَفْسَهُ عَلَيْهِ مِنَ الطَّاعَاتِ

আবু হাতিম ইবনু হিবান রহিমাহ্লাহ বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য "এরচেয়ে উত্তম কিছু আর নেই" এর দ্বারা উদ্দেশ্য হলো "তোমার জন্য" (অর্থাৎ তোমার জন্য এরচেয়ে উত্তম আর কোন সিয়ামের পদ্ধতি নেই।) কারণ তিনি যেসব ইবাদতের উপর নিজেকে অভ্যস্থ করে তুলেছেন তা থেকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর দুর্বলতার কথা জানতেন।"

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৮১; নাসাঈ: ৪/২১১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৮৬২; মুসনাদ আহমাদ: ২/১৮৭; আবু দাউদ: ২৪২৭; সহীহ আল বুখারী: ১৯৭৬; তাহাবী, শারহু মা'আনিল আসার: ২/৮৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৮০৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/৮৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন